



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর- ১৫৭

শুরু হলো রাজশাহী বিভাগীয় তথ্য কমপ্লেক্স নির্মাণ কাজ

রাজশাহী; ১৮ পৌষ (০২ জানুয়ারি):

ম্যাট ঢালাই এর মধ্যদিয়ে রাজশাহী বিভাগীয় তথ্য কমপ্লেক্স নির্মাণ কাজ শুরু হলো আজ (০২ জানুয়ারি)। রাজশাহী শহরের কাশিয়াডাঙ্গা ফায়ার সার্ভিস স্টেশনের পূর্ব পাশে ৩৩ শতক জমির ওপর তথ্য কমপ্লেক্স নির্মিত হচ্ছে। আজ সকালে নির্মাণ কাজ শুরুর সময় জেলা তথ্য অফিস ও আঞ্চলিক তথ্য অফিস (পিআইডি) এর কর্মকর্তা-কর্মচারী ও গণপূর্ত দপ্তরের সংশ্লিষ্ট প্রকৌশলী উপস্থিত ছিলেন।

গণযোগাযোগ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত 'জেলা পর্যায়ে আধুনিক তথ্য কমপ্লেক্স নির্মাণ' প্রকল্পের অধীন এ ভবন নির্মাণ কাজ শুরু হয়েছে।

রাজশাহী জেলা তথ্য অফিস ও আঞ্চলিক তথ্য অফিসের (পিআইডি) জন্য অফিস অবকাঠামো ছাড়াও সাততলা ভবনে আধুনিক সিনে কমপ্লেক্স, ডিজিটাল ল্যাব ও ডিজিটাল আর্কাইভ, অডিও ভিজুয়াল সার্পোর্ট সম্বলিত এডিটিং প্যানেলসহ পূর্ণাঙ্গ মিডিয়া হাব, কনফারেন্স হলসহ প্রশিক্ষণ হল থাকবে।

পনেরো মাসের মধ্যে ভবনটি নির্মাণ শেষ হবে মর্মে নির্মাণ সংশ্লিষ্টরা আশাবাদ ব্যক্ত করেছেন।

.....
তৌহিদ/আরিফ/আলীম/রহুল/হালিম/২০২৫/১৪:০০ঘ.